উপজেলা পরিষদ

জামালগঞ্জ, সুনামগঞ্জ।

# এপ্রিল/ ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ সামছুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ ঃ ১৮/০৪/২০১৮ খ্রিষ্টাব্দ, সময়ঃ - ১১.০০ ঘটিকা।

উপস্থিত/ অনুপস্থিত সদস্যের তালিকা এবং উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভা পরিচালনা করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী হলে তা উপস্থাপনের অনুরোধ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপজেলা পরিষদের ২জন সংরক্ষিত নারী সদস্যকে বরণ করে নেয়া হয় এবং তারা নিজ নিজ পরিচয় প্রদান করেন। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী | দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| ০২। | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা ঃ | | |
| ০৩। | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ- | | |
| ০৪। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা ঃ | | |
| ০৫। | পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা। | - | - |
| বিবিধ<br>০৬।<br>(ক) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,<br>(১) উপজেলা পরিষদের দৈনন্দিন কার্যক্রমকে গতিশীল করার লক্ষে অফিস সরঞ্জামাদি ক্রয় খাত হতে উপজেলা পরিষদের জন্য ১টি ফটোকপিয়ার মেশিন, ১টি ল্যাপটপ ১টি প্রিন্টার ও ১টি স্ক্যানার বাবদ ২,০০,০০০/- টাকা।<br>(২) উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র মেরামত বাবদ ৫০,০০০/- টাকা ।<br>(৩) উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয় খাত হতে সেক্রেটারীয়েট টেবিল ও চেয়ার ক্রয় বাবদ ১,৫০,০০০/- টাকা।<br>(৪) অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত (ফটোকপি মেশিন মেরামত) বাবদ ২৫,০০০/- টাকা।<br>(৫) উপজেলা পরিষদ ভবনের পানির পাম্প এবং উপজেলা নির্বাহী অফিসার এর বাস ভবনের পানির পাম্প স্থাপন, ননগেজেটেড কোয়াটার-১এ পানির পাম্প স্থাপন, ননগেজেটেড কোয়াটার-২ এ পানির পাম্প মোট- ৪টি সরবরাহ ও স্থাপন বাবদ ৫০,০০০/- টাকা এবং উপজেলা পরিষদের সৌরবিদ্যুৎ প্যানেল মেরামত বাবদ- ১০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ব্যয়ের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুসরণ পূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ।<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ) | উপজেলা নির্বাহী অফিসার, গ্রাম পুলিশ নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত গ্রাম পুলিশ নিয়োগ, পদোন্নতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে অত্র জামালগঞ্জ উপজেলার ৬টি ইউনিয়নে গ্রামপুলিশ (দফাদার/মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতি জরুরীভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে নিয়োগ কার্যক্রম সম্পাদন করার জন্য সভায় আলোচনা হয়। জনাব মোঃ আইনুদ্দিন, মহল্লাদার, সাচনা বাজার ইউপি, জনাব কাশেম আলী, মহল্লাদার, জামালগঞ্জ সদর ইউপি, জনাব বিষ্ণু মাহাস্য দাস, মহল্লাদার, ফেনারবাঁক ইউপিকে দফাদার পদে পদোন্নতির জন্য অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | অত্র জামালগঞ্জ উপজেলার ৬টি ইউনিয়নে গ্রামপুলিশ এর শূন্য পদের বিপরীতে জরুরীভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে নিয়োগ কার্যক্রম সম্পাদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব মোঃ আইনুদ্দিন, মহল্লাদার, সাচনা বাজার ইউপি, জনাব কাশেম আলী, মহল্লাদার, জামালগঞ্জ সদর ইউপি, জনাব বিষ্ণু মাহাস্য দাস, মহল্লাদার, ফেনারবাঁক ইউপিকে দফাদার পদে পদোন্নতির সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| (গ) | উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান, চলতি বছরে বোরো ধানের ফলন খুব ভাল হয়েছে। শ্রমিকের অভাবে কৃষকগণ পরিপক্ক ধান কাটতে পারছে না। তাই তিনি সভায় জানান রামনগর হতে গজারিয়া পর্যন্ত বালু তোলায় নিয়োজিত লেবারসহ অন্যান্য শ্রমিকদেরকে আগামী ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বালু তোলা বন্ধ করে ধান কাটার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে মাইক যোগে ব্যাপক প্রচার চালানোর জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দসহ অন্যান্য সদস্যবৃন্দ এক মত পোষণ করেন।<br>তাছাড়া তিনি সভায় জানান, হাটবাজার রক্ষণাবেক্ষণ খাত হতে ভীমখালী গরুর বাজারের উন্নয়নের বিষয়ে সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে আগামী মাসের ১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বালু মহালে নিয়োজিত শ্রমিকের কাজ বন্ধ করে ধান কাটায় উদ্ধুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে মাইক যোগে ব্যাপক প্রচার চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>হাটবাজার রক্ষণাবেক্ষণ খাত হতে ভীমখালী গরুর বাজারের উন্নয়নের নিমিত্তে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ |
| (ঘ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গত মার্চ/২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার ২নং ক্রমিকের (চ) নং সিদ্ধান্তের আলোকে উপজেলা পরিষদের চেয়ারম্যান এর নেতৃত্বে হাওরে পানি ও নৌযান প্রবেশের জন্য কোন কোন স্থানে বাঁধ কাটা হবে তা নির্ধারনের লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত রয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে উপজেলা চেয়ারম্যানের নেতৃত্বে নিম্ন লিখিত ভাবে কমিটি গঠন করার প্রস্তাব করেন।<br>১। উপজেলা চেয়ারম্যান, জামালগঞ্জ.......................... আহব্বায়ক।<br>২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ........ সদস্য<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ.............. সদস্য<br>৪-৯। ইউপি চেয়ারম্যান (সকল), জামালগঞ্জ................ সদস্য।<br>১০। উপজেলা কৃষি কর্মকর্তা, জামালগঞ্জ......................সদস্য।<br>১১। উপজেলা প্রকৌশলী, জামালগঞ্জ.......................... সদস্য<br>১২। উপজেলা মৎস্য অফিসার, জামালগঞ্জ................... সদস্য।<br>১৩। শাখা কর্মকর্তা, জামালগঞ্জ পওর শাখা-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ..............সদস্য-সচিব। | গত মার্চ/২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার ২নং ক্রমিকের (চ) নং সিদ্ধান্তের আলোকে উপজেলা পরিষদের চেয়ারম্যান এর নেতৃত্বে হাওরে পানি ও নৌযান প্রবেশের জন্য কোন কোন স্থানে বাঁধ কাটা হবে তা নির্ধারনের লক্ষ্যে নিম্ন লিখিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, জামালগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল) জামালগঞ্জ।<br>৪। উপজেলা................. কর্মকর্তা, জামালগঞ্জ।<br>৫। শাখা কর্মকর্তা, জামালগঞ্জ পওর শাখা-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ। |
| (ঙ) | ভীমখালী বাজার ঃ আমি বদিউজ্জামান, পিতা-মোঃ আয়বুল ইসলাম সাং-রামনগর, উপজেলা-জামালগঞ্জ,জেলা-সুনামগঞ্জ ১৪২৪ বাংলা সনে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৭৬০/২০১৭; তারিখ ২০/০৩/২০১৭খ্রিঃ এর আদেশ বলে ভীমখালী বাজারটি লীজ নিয়েছি।যেহেতু আমি নিম্নস্বাক্ষরকারী রিট পিটিশন নং-৩৭৬০/২০১৭ এর কপি সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালগঞ্জে আবেদনসহ দাখিল করেছি ও তাঁহারা মূল কপি ডাক যোগে পায়নাই এবং প্রাপ্ত ছায়ালিপির প্রেক্ষিতে দখল বুঝিয়া দিয়েছেন সেহেতু উক্ত হাইকোর্টের রিট পিটিশন নং-৩৭৬০/২০১৭ এর আদেশ পরবর্তীতে অস্য বা প্রাপ্ত পিটিশন নং-৩৭৬০/২০১৭ আদেশ এর সাথে সামঞ্জস্য না থাকলে আমার বিরুদ্ধে আইনানুগ যেকোন ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং ভীমখালী বাজারটির অনুকূলে জমাকৃত সকল টাকা বাজেয়াপ্ত করা যাবে। এই মর্মে দাখিলকৃত অঙ্গীকার নামার প্রেক্ষিতে উক্ত রীট | ইজারামূল্য গ্রহণের প্রস্তাবটি গৃহীত ও অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, জামালগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | পিটিশনের আদেশে বাজারটি দখল ও চুক্তিনামা সম্পাদন করা হয়েছিল। বিধায় উক্ত রীট পিটিশনের নির্দেশনা মোতাবেক ১৪২৫ বাংলা সময়ের ইজারামূল্য গ্রহণ করা যায়। উল্লেখ্যযে, ইতিমধ্যে ইজারাদার ১৪২৫ বাংলা সময়ের ইজারামূল্য উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা প্রদান করেছেন। | | |
| (চ) | ২০১৩ সালে উপজেলা পরিষদ ম্যানুয়েলের সরকারী হাট বাজার ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন নীতিমালা-১১.৩.১ এর (চ) মোতাবেক উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য উপজেলা সকল হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবদের মধ্যথেকে ২জন প্রতিনিধি মনোনয়নের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে (১) সাচনা বাজার ইউনিয়ন হাট বাজার ব্যবস্থাপনার সদস্য সচিবকে সদস্য হিসাবে এবং (২) ভীমখালী ইউনিয়ন হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবকে সদস্য হিসাবে মনোয়নের প্রস্তাব করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে (১) সাচনা বাজার ইউনিয়ন হাট বাজার ব্যবস্থাপনার সদস্য সচিব এবং (২) ভীমখালী ইউনিয়ন হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| | (ছ) বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী জনবল সংকটের কারনে ৩ জন চিকিৎসক কর্মরত থাকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ চিকিৎসা কার্যক্রম পরিচালনা করা কষ্টকর হয়ে পড়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী এবং ডাক্তার নিয়োগের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জামালগঞ্জ। |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি খাতের নিম্ন লিখিত প্রকল্প সমূহ জায়গার জটিলতার কারণে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন।<br>প্যাকেজ নং-০১ লক্ষীপুর খেলার মাঠ হইতে চাপারখারা রাস্তায় সোনাফর মিয়া বাড়ীর পাশে জনস্বার্থে কালভার্ট নির্মাণ এর পরিবর্তিত প্রকল্প মতিন মিয়ার বাড়ির পিছনের রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ।<br>প্যাকেজ নং-০৭ এর শুকদেবপুর মনখুশ মিয়ার বাড়ির সামনে ঘাট নির্মান এর পরিবর্তে - শুকদেবপুর মিলন বাজারের মসজিদ উন্নয়ন।<br>প্যাকেজ নং-০৮ এর রামপুর আমীর আলী কালভার্ট এর পরিবর্তিত প্রকল্প তেরানগর ব্রীজের এপ্রোস, রেলিং ও স্লপ মেরামত।<br>(পিআইসি)- জলাবদ্ধতা হতে বোর ফসলকে রক্ষা করার জন্য জল নিষ্কাষন এর পরিবর্তে খূজারগাও কমিউনিটি ক্লিনিকের সামনের মাঠে মাটি ভরাট ।<br>তিনি সভায় প্রস্তাবিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ স্থানে বিদ্যুতের খুটি সরানোর বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন।<br>তাছাড়া তিনি আরোও জানান,হিলিপ প্রকল্পের আওতায় ৩টি বিল খননের প্রক্রিয়া চলমান রয়েছে। বিল ৩টি হচ্ছে- রাঙ্গিয়া,নয়াখাল নান্দিয়া ও বাসকারখাল। | ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি খাতের নিম্ন লিখিত প্রকল্প জায়গার জটিলতার কারনে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন।<br>প্যাকেজ নং-০১ লক্ষীপুর খেলার মাঠ হইতে চাপারখারা রাস্তায় সোনাফর মিয়া বাড়ীর পাশে জনস্বার্থে কালভার্ট নির্মাণ এর পরিবর্তিত প্রকল্প মতিন মিয়ার বাড়ির পিছনের রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ এর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্যাকেজ নং-০৭ এর শুকদেবপুর মনখুশ মিয়ার বাড়ির সামনে ঘাট নির্মাণ এর পরিবর্তে - শুকদেবপুর মিলন বাজারের মসজিদ উন্নয়ন এর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্যাকেজ নং-০৮ এর রামপুর আমীর আলী কালভার্ট এর পরিবর্তিত প্রকল্প তেরানগর ব্রীজের এপ্রোস, রেলিং ও স্লপ মেরামত এবং (পিআইসি)- জলাবদ্ধতা হতে বোর ফসলকে রক্ষা করার জন্য জল নিষ্কাষন এর পরিবর্তে খূজারগাও কমিউনিটি ক্লিনিকের সামনের মাঠে মাটি ভরাট এর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| | উপজেলা প্রকৌশলী জানান, গত ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক, বর্তমানে বাস্তব অবস্থার প্রেক্ষিতে হাওরের বিভিন্ন বেরী বাঁধ পরিদর্শন করতে সরকারের উচ্চ পর্যায়ের মন্ত্রী, উচ্চ পদস্থ কর্মকর্তা বৃন্দের জামালগঞ্জ উপজেলা পরিদর্শন উপলক্ষে সরকারী রীতি মোতাবেক রাষ্ট্রীয় সম্মান প্রদর্শনের জন্য ১টি সালামী মঞ্চ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৫ ই আগষ্ট উৎযাপন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জাতির পিতার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন ও কৃতজ্ঞতা প্রকাশের উদ্দেশ্যে স্মৃতি ভাস্কর্য স্থাপন এর জন্য প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত ছিল। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রাক্কলন প্রস্তত করা হয়। উক্ত প্রাক্কলিত মূল্য ৮,৪৬,৪৯০.০০ টাকা। | সভায় গার্ডেন বাউন্ডারীসহ সালামী মঞ্চ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ভাস্কর্য উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে স্থাপনের নিমিত্তে প্রাক্কলন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উক্ত ৮,৪৬,৪৯০.০০ টাকা ব্যয়ের প্রস্তাব সদয় অনুমোদনের জন্য প্রাক্কলনসহ স্থানীয় সরকার মন্ত্রনালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সদয় অনুমোদন পাওয়ার পর বিধি মোতাবেক বর্ণিত প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হবে। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা সভায় জানান, কৃষি বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। এ বছর ২৩,৫৭০ হেক্টর জমি চাষ করা হয়েছে। দ্রুত ধান কাটার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ইউনিয়ন পর্যায়ে কৃষকদেরকে তাগিদ দিচ্ছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে অত্র জামালগঞ্জ উপজেলার কৃষকগণকে দ্রুত ধান কাটার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আগামী ২৩ শে এপ্রিল থেকে ১ম সাময়িক পরীক্ষা শুরু হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম ভালভাবে চালিয়ে যাওয়ার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম ভালভাবে চালিয়ে যাওয়ার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। বর্তমানে জলমহালের ইজারা কাজ চলছে। ১২টি বিলের তদন্ত প্রতিবেদন উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। | মৎস্য বিভাগের কার্যক্রম ভালভাবে পরিচালনার নিমিত্তে উপজেলা মৎস্য কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম ভালভাবে পরিচালনার নিমিত্তে উপজেলা সমবায় কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালগঞ্জ |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান ১ম পর্যায়ের টিআর/কাবিখা প্রকল্প কার্যক্রম শেষ হয়েছে। ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন হতে তালিকা যাওয়া গেছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালগঞ্জ। |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জামালগঞ্জ। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জামালগঞ্জ উপজেলায় বর্তমানে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ৮১%। তিনি বলেন, গত মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতির ৩জন পুরুষ, ৭জন মহিলা স্থায়ী পদ্ধতি, ৬৪ জন ইমপ্লান্ট এবং ১০ জন আইইউডি পদ্ধতি গ্রহণ করেছেন। তিনি জানান, বেহেলী ইউনিয়নে পরিবার পরিকল্পনা ক্লিনিক না থাকায় সেখানে কার্যক্রম কিছুটা ব্যাহত হচ্ছে। তবে ক্লিনিক নির্মানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রমকে আরো গতিশীল ও বেগবান করার জন্য সুষ্ঠু ভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প.প. কর্মকর্তা। জামালগঞ্জ। |
| যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত থাকার নিমিত্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জামালগঞ্জ। |
| বিআরডিবি বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য), জামালগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| [illegible] বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, এই মাস থেকে খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম শুরু হবে। দ্রুত তালিকা জমা দেয়ার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের দৃষ্টি কামনা করেন। | উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য নিয়ন্ত্রক খাদ্য বান্ধব কর্মসূচী ভাল ভাবে পরিচালনার নিমিত্তে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সাচনা, জামালগঞ্জ। |
| স্যানিটারী ইন্সপেক্টর | স্যানিটারী ইন্সপেক্টর সভায় জানান, সামনে রমজান মাস আসন্ন। বাজারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি কামনা করেন। | ভেজাল খাদ্য দ্রব্যের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্যানিটারী ইন্সপেক্টর জামালগঞ্জ। |
| এবাএখা | সমন্বয়কারী, সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (১৩-তলা)৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, এর ০৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখের এবাএখা/উন্নয়ন/বিবিধ/২২২/২০১৮/৫৫৩৯ নং স্মারক পত্র সভায় পাঠ করে শুনান। উক্ত পত্রের আলোকে সমিতির নিজস্ব কার্যালয় তৈরির জায়গাটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স এর ভিতরে বা সন্নিকটে অথবা গ্রাম্য হাট-বাজার/প্রাইমারীস্কুল/হাইস্কুল/মসজিদ/রাস্তার পাশে বিদ্যুৎ সুবিধাসহ উত্তম যোগাযোগ এলাকায় স্থাপনের বিষয় রয়েছে বলে উল্লেখ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সমিতির নিজস্ব কার্যালয় নির্বাচনের জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দের সহযোগিতায় সমন্বয়কারী, এবাএখা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল) ও সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, জামালগঞ্জ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ সামছুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-উঃপঃ/জামাল/পঃসভা-০১/২০১৬/ ১৭(৬০)

তারিখঃ ১৮/০৪/২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জনাব ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। মোঃ সামছুল আলম,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ
৭। জনাবা হাফিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮। জনাব মু. রশিদ আহমদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৯ -১৩। চেয়ারম্যান, ..........................................ইউপি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৪।..................................................................... কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৫। অফিস কপি।

(মোঃ শামীম আল ইমরান)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।